

১৮। সামাজিক বনায়ন হইতে লক্ষ আয়ের বন্টন ও

- ১) ধারা ১৪ এর উপ ধারা (৩) এ বর্ণিত প্রয়োজনে বা উক্ত উপ-ধারাতে বর্ণিত যুক্তিসঙ্গত কারণে ছাঁটাইকৃত ডালপালা, প্রথম ঘনত্ব হ্রাসকরণ (First thinning) কালে কর্তৃত বৃক্ষ এবং উৎপাদিত কৃষিজাত ফসল সম্পূর্ণভাবে উপকারভোগীগণ প্রাপ্য হইবেন;
- ২) ফলদ বৃক্ষের ফল, পরবর্তী সকল ঘনত্ব হ্রাসকরণকালে এবং আবর্তকাল পূর্ণ হইবার পর কর্তৃত বৃক্ষ হইতে লক্ষ আয় বিভিন্ন পক্ষগণের মধ্যে নিম্নবর্ণিত হারে বন্টিত হইবে, যথা-

ক) সরকারী বা সংবিধিবদ্ধ সংস্থার মালিকানা বা দখলী স্বত্বাধীন সংকীর্ণ ভূমিতে (স্ট্রীপ) বৃক্ষরোপণের ক্ষেত্রে-

পক্ষ	প্রাপ্য হার
ক. বিএমডিএ	১০%;
খ. ভূমির মালিক বা দখলী স্বত্বাধিকারী ব্যক্তি বা সংস্থা	২০%;
গ. উপকারভোগীগণ	৪০%;
ঘ. স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা	১০%;
ঙ. রাস্তা/খাল পাড়/পুকুর পাড়/বাঁধ সংলগ্ন ভূমির মালিক	১০%;
চ. বৃক্ষরোপণ তহবিল	১০%।

খ) বরেন্দ্র এলাকায় খাড়ি ও পুকুর পাড় পুনর্বাসন ও বনায়নের ক্ষেত্রে-

পক্ষ	প্রাপ্য হার
ক. বিএমডিএ	১০%;
খ. উপকারভোগীগণ	৪০%;
গ. ভূমির মালিক বা দখলদার	২০%;
ঘ. স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা	১০%;
ঙ. রাস্তা/খাল পাড়/পুকুর পাড়/বাঁধ সংলগ্ন ভূমির মালিক	১০%;
চ. বৃক্ষরোপণ তহবিল	১০%।

১৪. ৩) নিম্ন বর্ণিত ক্ষেত্রে ব্যতীত নন-টিম্বার ফরেস্ট প্রোডাক্ট বা কোন সামাজিক বনায়ন এলাকার কোন বৃক্ষের ডালপালা ছাঁটাই, কর্তন বা উৎপাদন করা যাইবে না, যথা-

- ক. উক্তরূপ কোন বৃক্ষের যথাযথ বর্ধন ও পরিপক্বতার প্রয়োজনে; অথবা
- খ. উক্তরূপ কোন বৃক্ষের রোগাক্রান্ত হইবার কারণে; অথবা
- গ. সরকারের কোন উন্নয়ন কর্মকাণ্ডের প্রয়োজনে; অথবা
- ঘ. ব্যবস্থাপনা কমিটি ও বিএমডিএ কর্তৃক স্বীকৃত কোন যুক্তিযুক্ত কারণে।